# এইসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র — বিষয় কোড: | ২ | ৯ | ২ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**প্রশ্ন-১ ▶** জনাব শফিউল আলম ব্যাংক থেকে ১০,০০০ টাকা ৬% সুদে ৩ বছরের জন্য ঋণ নেয়। শর্ত থাকে যে, সমান ৩টি বার্ষিক কিস্তিতে ঋণ পরিশোধ করতে হবে।

ক. বছরে একাধিকবার চক্রবৃদ্ধি হলে ঋণের সূত্রটি কী হবে? ১

খ. চক্রবৃদ্ধি সুদ বলতে কী বোঝ? ২

গ. প্রতি কিস্তিতে পরিশোধ অর্থের পরিমাণ কত? নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের তথ্য থেকে একটি ঋণ পরিশোধ তালিকা প্রস্তুত করো। ৪

**প্রশ্ন-২ ▶** UDA লিমিটেড বাংলাদেশের শীর্ষস্থানীয় একটি ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি একই সাথে দেশীয় প্রযুক্তিতে মোবাইল ফোন, ফ্রিজ, টিভি ইত্যাদি তৈরি ও বিক্রয় করে থাকে। তাদের উৎপাদিত টিভি সারা দেশে ব্যাপক চাহিদা সম্পন্ন। তাই কোম্পানির ব্যবস্থাপক টিভি তৈরির খরচ কমিয়ে বিক্রয় বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করেছেন।

ক. একত্রীকরণ কী? ১

খ. অর্থায়নের ২টি বৈশিষ্ট্য লেখো। ২

গ. উদ্দীপকে অর্থায়নের কোন নীতির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সিদ্ধান্তটি অর্থায়নের কোন লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ? বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৩ ▶** মিতু এন্টারপ্রাইজের মালিক নাদিম খান ভোক্তাদের চাহিদা মেটানোর জন্য নোয়াখালীর সুমন ট্রেডার্স হতে ১৫ লক্ষ টাকার পণ্য ক্রয় করে ৩/১২, নিট ৪৫ শর্তে। ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করতে গিয়ে নোমান খানের আকস্মিক অর্থের প্রয়োজন হয়। জরুরি ভিত্তিতে অর্থসংস্থানের জন্য নোমান খান ক্রয়কৃত পণ্য ব্যাংকের কাছে জামানত রেখে ৪ মাসের জন্য ৮,৫০,০০০ টাকার ঋণ গ্রহণ করে।

ক. স্বল্পমেয়াদি অর্থসংস্থান কী? ১

খ. বাণিজ্যিক পত্র বলতে কী বোঝায়? ২

গ. নোমান খান কোন ধরনের ঋণ গ্রহণ করেছিল? বর্ণনা করো। ৩

ঘ. ধারে ক্রয়কৃত পণ্যের ব্যবসায় ঋণ খরচের পরিমাণ কত হবে? নিরূপণ করো। ৪

**প্রশ্ন-৪ ▶** রূপনগর ক্রেডিট লিমিটেড দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ প্রদান করে। এছাড়া ক্ষুদ্র উদ্যোক্তাকে ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অন্যদিকে, আসলাম জুস লিমিটেড একটি নামকরা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ব্যবসায় সম্প্রসারণের জন্য ২০১৪ সালে সর্বপ্রথম বাজারে শেয়ার ইস্যু করে। জনাব তাহের উক্ত কোম্পানির ১,০০০ শেয়ার ক্রয় করে। পরবর্তীতে ২০১৫ জনাব তাহেরের বন্ধু সালাম যথাযথ নিয়মাবলি অনুসরণ করে মূলধন বাজার হতে উক্ত কোম্পানির ১০০ শেয়ার ক্রয় করে।

TeachingBD.com

**প্রশ্ন-৫ ▶** আকিব এন্ড আলিফ কোম্পানি
তুলনামূলক উদ্বৃত্তপত্র

| সম্পদসমূহ | ৩১শে ডিসেম্বর ২০১৩ | ৩১শে ডিসেম্বর ২০১২ | পরিবর্তন বৃদ্ধি/হ্রাস |
|---|---|---|---|
| হাতে নগদ | ১,৫৯,০০০ | ০ | ১,৫৯,০০০ বৃদ্ধি |
| প্রাপ্য হিসাব | ১৫,০০০ | ০ | ১৫,০০০ বৃদ্ধি |
| মজুদ পণ্য | ১,৬০,০০০ | ০ | ১,৬০,০০০ বৃদ্ধি |
| অগ্রিম খরচ | ৮,০০০ | ০ | ৮,০০০ বৃদ্ধি |
| ভূমি | ৮০,০০০ | ০ | ৮০,০০০ বৃদ্ধি |
| মোট | ৪,২২,০০০ | ০ | |
| **দায় ও শেয়ার মূলধন** | | | |
| প্রদেয় হিসাব | ৬০,০০০ | ০ | ৬০,০০০ বৃদ্ধি |
| বকেয়া খরচ | ২০,০০০ | ০ | ২০,০০০ বৃদ্ধি |
| শেয়ার মূলধন | ৩,০০,০০০ | ০ | ৩,০০,০০০ বৃদ্ধি |
| সংরক্ষিত মুনাফা | ৪২,০০০ | ০ | ৪২,০০০ বৃদ্ধি |
| | ৪,২২,০০০ | ০ | |

আয় বিবরণী
২০১৩ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত বছরের

| বিবরণ | টাকা |
|---|---|
| বিক্রয় আয় | ৭,৮০,০০০ |
| বাদ : বিক্রিত পণ্যের ব্যয় | ৪,৫০,০০০ |
| মোট লাভ | ৩,৩০,০০০ |
| বাদ : পরিচালন ব্যয় | ১,৭০,০০০ |
| করপূর্ববর্তী আয় | ১,৬০,০০০ |
| বাদ : আয়কর | ৪৮,০০০ |
| করপরবর্তী আয় | ১,১২,০০০ |

ক. আর্থিক বিবরণী কাকে বলে? ১
খ. অর্থায়নের উপর আর্থিক বিবরণীর বিশ্লেষণের প্রভাব ব্যাখ্যা করো। ২
গ. পরিচালন কার্যক্রম থেকে প্রাপ্ত নিট নগদের পরিমাণ নির্ণয় করো। (প্রত্যক্ষ পদ্ধতি অনুযায়ী) ৩
ঘ. বিনিয়োগ ও অর্থায়ন কার্যক্রম থেকে প্রাপ্ত নিট নগদের পরিমাণ নির্ণয় করো। ৪

**প্রশ্ন-৬ ▶** জনাব শফিক স্ট্রং কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ২০ কোটি টাকা এবং অগ্রাধিকার শেয়ার মূলধন ১০ কোটি টাকা। অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ১৬%। সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজার মূল্য যথাক্রমে ১৪০ ও ১০০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১৩ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পেয়েছে। কর হার ৪০%। জনাব শফিকের বন্ধু তাহের ব্যবসায় সম্প্রসারণের জন্য তাকে ঋণ মূলধন ব্যবহারের পরামর্শ দিলেন। বন্ধুর পরামর্শ অনুযায়ী জনাব রফিক ১০ কোটি টাকা ঋণ মূলধন সংগ্রহ করলেন। সুদের হার ১৪%।

Teachingbd.com

ক. মূলধন ব্যয় কী? ১
খ. ঝুঁকিমুক্ত আয়ের হারের বৃদ্ধি সাধারণ শেয়ারের ব্যয়কে কীভাবে প্রভাবিত করে তা ব্যাখ্যা করো। ২
গ. স্ট্রং কোম্পানির সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. জনাব শফিক তার বন্ধুর পরামর্শ অনুযায়ী ৫০ কোটি টাকা ঋণ গ্রহণ করলে গড় মূলধন ব্যয়ের ওপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৭ ▶** জনাব ফজর বিনিয়োগের জন্য দু'টি কোম্পানি চিহ্নিত করেছেন। ২০১২, ২০১৩ ও ২০১৪ সালে ক কোম্পানির আয়ের হার ছিল যথাক্রমে ৫%, ১০% ও ১২%। খ কোম্পানির গড় আয়ের হার ১৫% এবং আদর্শ বিচ্যুতি ১০%। অন্যদিকে আলফা কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার ২০%। বাজার আয়ের হার ১৫%। ট্রেজারি বিলের আয়ের হার ৬%।

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. মুনাফার হারের কোন উপাদান ঋণাত্মক হতে পারে? ব্যাখ্যা করো। ২
গ. আলফা কোম্পানির বিটার মান নির্ণয় করো। ৩
ঘ. জনাব ফজরের কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

**প্রশ্ন-৮ ▶** মি. রনি ঢাকা স্টক এক্সচেঞ্জ হতে X নামক একটি পাবলিক লিমিটেড কোম্পানির ২০২০টি শেয়ার ক্রয় করেন যার অভিহিত মূল্য ৬০ টাকা। মাধ্যমিক বাজার হতে কেনায় এর দাম সব সময় পরিবর্তনশীল। রনি পত্রিকায় প্রতিটি শেয়ারের দাম দেখেছিল ৫০.৭৫ টাকা। সে হিসাবে ফোনে পরের দিন ২০২০টি শেয়ারের অর্ডার দেয়। ১ দিনের মধ্যে শেয়ারের দাম বেড়ে ৬০ টাকা হয়ে যায়। সে ৬০ টাকায় কিনে। কোম্পানির আর্থিক অবস্থা ভালো থাকায় সবাই আশা করছে এ বছর এটি ৫০% পর্যন্ত লভ্যাংশ ঘোষণা করতে পারে।

ক. পরিবর্তনযোগ্য বন্ড কী? ১
খ. লভ্যাংশ নীতি বলতে কী বোঝ? ২
গ. মি. রনির সর্বোচ্চ দায় কত হবে? নির্ণয় করো। ৩
ঘ. 'মি. রনির আয় ঝুঁকিপূর্ণ হলেও আয়ের সম্ভাবনা বেশি'। এ উক্তির যথার্থতা নিরূপণ করো।

**প্রশ্ন-৯ ▶** জুঁই কোম্পানি বাংলাদেশের অন্যতম জুস উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি এতোদিন আমের জুস উৎপাদন করলেও বর্তমানে আমের জুসের পাশাপাশি কমলার জুস বাজারে ছাড়ার চিন্তা-ভাবনা করছে। পণ্যের আয়ুষ্কাল, উৎপাদন খরচ, বাজার চাহিদা, পরিচালনা খরচ এবং সম্ভাব্য আয় প্রাক্কলন করে প্রতিষ্ঠানটি কমলার জুস উৎপাদনের সিদ্ধান্ত নিল।

ক. মূলধন বাজেটিং কোন ধরনের সিদ্ধান্ত? ১
খ. মূলধন বাজেটিং-এর গুরুত্ব ব্যাখ্যা করো। ২
গ. জুঁই কোম্পানির কমলার জুস উৎপাদনের সিদ্ধান্তে কীসের প্রয়োগ হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. জুঁই কোম্পানি কমলার জুস উৎপাদন করে কতটা উপকৃত হবে তা বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　　　পূর্ণমান — ৪০　　　　বিষয় কোড: ২ ৯ ২

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. সাধারণত শেয়ার বিক্রয়ের মাধ্যমে কারা মূলধন সংগ্রহ করে?
ক) ক্ষুদ্র কোম্পানি　খ) মাঝারি কোম্পানি
গ) বৃহৎ কোম্পানি　ঘ) সরকারি প্রতিষ্ঠান

২. কোনটি তারল্যের সাথে সম্পর্কিত?
ক) স্থায়ী সম্পদ　খ) স্থির ব্যয়
গ) চলতি সম্পদ　ঘ) বৈচিত্র্যায়ন

৩. অর্থায়ন ও ব্যবসায়ের পারস্পরিক নির্ভরশীলতার প্রধান কারণ কী?
ক) উভয়ের লক্ষ্য তারল্য হ্রাস করা
খ) উভয়ের লক্ষ্য সমাজকল্যাণ করা
গ) উভয়ের লক্ষ্য মুনাফা ও সম্পদ সর্বোচ্চকরণ
ঘ) অর্থের উৎস নির্বাচনে যৌথ উদ্যোগ গ্রহণ

৪. সম্পদ সর্বাধিকরণ নীতির সহায়ক হলো —
i. নিট নগদ প্রবাহ নীতি
ii. সুযোগ ব্যয় নীতি
iii. অর্থের সময় মূল্য নীতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।
জামান প্রপার্টিজ লি. এর একজন সত্ত্বাধিকারি মি. জামান। তিনি ব্যবসায় সম্প্রসারণের উদ্দেশ্যে হাসান প্রপার্টিজ লি.এর সাথে ব্যবসায় একত্রিকরণের সিদ্ধান্ত নেন। পরবর্তীতে দেখা গেল হাসান প্রপার্টিজের আয়ের অনুপাত কম হওয়ার কারণে প্রতিষ্ঠানের সম্পদ বৃদ্ধিতে মি. জামানের অতিরিক্ত ঝুঁকি গ্রহণ করতে হয় যা মুনাফা অর্জনে তাকে অনিশ্চয়তার মধ্যে ফেলে দেয়।

৫. মি. জামান প্রপার্টিজ লি.-এর জন্য মি. হাসান প্রপার্টিজ লি. কোন ধরনের পক্ষ হিসেবে গণ্য হবেন?
ক) আন্তঃপক্ষ　খ) বহিঃপক্ষ
গ) মধ্যপক্ষ　ঘ) ব্যবসায়িক পক্ষ

৬. মি. জামান মার্জারের ক্ষেত্রে আর্থিক বিবরণী বিশ্লেষণের যেসব বিষয় যাচাই করবেন —
i. নগদ প্রবাহ
ii. দায় ও মালিকানা অনুপাত
iii. মোট সম্পদের আবর্তন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৭. লভ্যাংশ বাবদ নগদ প্রদান নগদ প্রবাহ বিবরণীতে কোন কার্যক্রমের আওতাভুক্ত?
ক) পরিচালন　খ) বিনিয়োগ
গ) অর্থায়ন　ঘ) ব্যবসায়

৮. পরিচালনা কার্যাবলি হলো —
i. পণ্য বিক্রয়　ii. রয়্যালিটি
iii. কর্মচারীদের নগদ প্রদান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

৯. বিনিয়োগ সুযোগের তালিকা প্রণয়নের উদ্দেশ্য কী?
ক) সুযোগ ব্যয় নির্ধারণ করা
খ) মূলধন কাঠামো নিরূপণ করা
গ) মূলধন ব্যয়ের প্রভাব বিশ্লেষণ
ঘ) বিনিয়োগের পরিমাণ নির্ধারণ

১০. কোন উৎসের ব্যয় সবচেয়ে কম হয়?
ক) সাধারণ শেয়ার　খ) ঋণপত্র
গ) অগ্রাধিকার শেয়ার　ঘ) সংরক্ষিত আয়

১১. কাম্য মূলধন কাঠামোতে মূলধন ব্যয় কেমন হয়ে থাকে?
ক) সর্বনিম্ন　খ) সর্বোচ্চ
গ) ক্রমহ্রাসমান　ঘ) ক্রমবর্ধমান

১২. ঋণকৃত মূলধনের সবচেয়ে বড় সুবিধা কোনটি?
ক) কর সুবিধা　খ) সুদের হার কম
গ) ঋণ পরিশোধের মেয়াদ বেশি থাকে
ঘ) সময়মত ঋণ পরিশোধ না করলেও চলে

১৩. প্রতিটি যৌথ মূলধনি কোম্পানির মূলধনের প্রধান উৎস কোনটি?
ক) ঋণপত্র বিক্রয়
খ) অগ্রাধিকার শেয়ার ইস্যু
গ) রাইট শেয়ার ইস্যু
ঘ) সাধারণ শেয়ার ইস্যু

১৪. ব্যাংকের কাজ হলো —
i. আমানত গ্রহণ　ii. ঋণদান
iii. বিনিয়োগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৫. ইক্যুইটির স্বরূপ কোনটি?
ক) দায়　খ) মালিকানার দাবি
গ) মুনাফা　ঘ) স্বত্বার্পন

১৬. অবৈধ অর্থে ক্রয়কৃত সম্পত্তি বিক্রয় মানি লন্ডারিং প্রক্রিয়ার কোন পর্যায়ে সংগঠিত হয়?
ক) ইন্টিগ্রেশন　খ) লেয়ারিং
গ) প্লেন্টসমেন্ট　ঘ) মানিলন্ডারিং

১৭. রিমন রেলওয়ের টিকিট কেটে একটি রশিদ পেলেন। এটি কোন ধরনের দলিল?
ক) হস্তান্তরযোগ্য　খ) অহস্তান্তরযোগ্য
গ) বিনিময়যোগ্য　ঘ) প্রতিশ্রুতি

১৮. বাংলাদেশের সকল আর্থিক প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করে কোন প্রতিষ্ঠান?
ক) এসইসি　খ) আইএএস
গ) বাংলাদেশ ব্যাংক　ঘ) অর্থ মন্ত্রণালয়

উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।
রূপালী লি.-এর বার্ষিক কাঁচামালের চাহিদা ২ লক্ষ একক, একক প্রতি অর্ডার খরচ ৪০ টাকা এবং একক প্রতি বহন খরচ ২ টাকা। কোম্পানির বার্ষিক কার্যদিবস ৩৬০ দিন।
[চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম]

১৯. উদ্দীপকের কোম্পানির দৈনিক ব্যবহারে পরিমাণ কত?
ক) ৫৪৮ একক　খ) ৫৫৬ একক
গ) ৫৬০ একক　ঘ) ৬০০ একক

২০. উদ্দীপকের প্রতিষ্ঠানটির —
i. মিতব্যয়ী ফরমায়েশ ২,৮২৮ একক
ii. মোট ফরমায়েশ ব্যয় ২,৮২৯ একক

Teachingbd.com

iii. গড় ফরমায়েশ ১,৪১৪ একক

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২১. ব্যবসায়ের জীবনী শক্তি কোনটি?
ⓚ মূলধন ⓚ ব্যবস্থাপনা
ⓖ ব্যবস্থাপক ⓘ শ্রমিক

২২. নিট চলতি মূলধন নির্ণয়ের সূত্র কোনটি?
ⓚ চলতি সম্পদ + চলতি দায়
ⓚ চলতি সম্পদ – চলতি দায়
ⓖ চলতি সম্পদ + প্রদেয়
ⓘ চলতি সম্পদ – মজুদ পণ্য

২৩. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টাকৃত কৌশল হলো —
i. নিট বর্তমান মূল্য
ii. অভ্যন্তরীণ মুনাফার হার
iii. মুনাফার বাজার মূল্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৪. বাট্টার হার প্রয়োজন হয় কেন?
ⓚ ভবিষ্যৎ নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করে নগদ প্রবাহ প্রাক্কলন করতে
ⓚ বর্তমান মূল্যকে ভবিষ্যতে মূল্যে রূপান্তর করতে
ⓖ ভবিষ্যৎ মূল্য বর্তমানে মূল্যকে রূপান্তর করতে
ⓘ প্রকল্পের আয়-ব্যয় নির্ণয় করতে

২৫. কোন মূলধন বাজেটিং পদ্ধতি ফার্মের তারল্য নির্দেশ করে?
ⓚ গড় মুনাফার হার ⓚ নিট বর্তমান মূল্য
ⓖ আন্তঃআয় হার ⓘ পে-ব্যাক সময়

২৬. একটি প্রকল্পের নগদ আন্তঃপ্রবাহের বর্তমান মূল্য ১,২৫,০০০ টাকা এবং প্রাথমিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা। নিট বর্তমান মূল্য কত?
ⓚ ২৫,০০০ টাকা ⓚ ৫০,০০০ টাকা
ⓖ ১,০০,০০০ টাকা ⓘ ১,২৫,০০০ টাকা

২৭. পর পর দুই বছর ক্রমান্বয়ে ২,০০০ টাকা ও ১,২০০ টাকা বিনিয়োগ করা হয় ১০% সুদে। এক্ষেত্রে ভবিষ্যৎ মূল্য কত হবে?
ⓚ ৩,৭০০ টাকা ⓚ ৩,৭২০ টাকা
ⓖ ৩,৭৪০ টাকা ⓘ ৪,০০০ টাকা

২৮. সুদ হিসাব করা হয় কীসের ওপর?
ⓚ সুদাসলের ⓚ আসলের
ⓖ মুনাফার ⓘ ব্যয়ের

উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।

আফসানা একজন ক্ষুদ্র বিনিয়োগকারী। তিনি গ্রামের একটি আইসক্রিম কারখানায় ২০১৪ সালে ২,০০০ টাকা বিনিয়োগ করেন। ঐ একই কারখানায় তিনি ২০১৫ সালে ১,২০০ টাকা বিনিয়োগ করেন। উভয় ক্ষেত্রে সুদের হার ১০%।

২৯. আফসানার বিনিয়োগের ভবিষ্যৎ মূল্য কত?
ⓚ ৩,৭০০ টাকা ⓚ ৩,৭৪০ টাকা
ⓖ ৪,০০০ টাকা ⓘ ৫,০০০ টাকা

৩০. আফসানার বিনিয়োগের ভবিষ্যৎ মূল্য নির্ধারণে বিবেচিত হয়েছে —
i. বিনিয়োগের বছর ii. সুদের মিশ্র প্রবাহ
iii. বর্তমান মূল্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩১. সুদ নির্ণয়ের চলক কয়টি?
ⓚ ২টি ⓚ ৩টি
ⓖ ৪টি ⓘ ৫টি

৩২. আনুষ্ঠানিকতার প্রয়োজন নেই কোন উৎস হতে মূলধন সংগ্রহের ক্ষেত্রে?
ⓚ নিজস্ব মূলধন ⓚ ব্যাংক ঋণ
ⓖ এনজিও হতে ঋণ
ⓘ বিমা কোম্পানি হতে ঋণ

৩৩. বিনিয়োগ সিদ্ধান্তের নির্ণায়কসমূহ হলো —
i. শেয়ার প্রতি আয় ii. ব্যবসায়ের ধরণ
iii. প্রাইস আর্নিং অনুপাত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৪. চলতি আয়ের হারকে প্রভাবিত করে কোনটি?
ⓚ প্রত্যাশিত আয়ের হার
ⓚ মেয়াদপূর্তি মূল্য
ⓖ সুদের পরিমাণ ⓘ মেয়াদকাল

৩৫. দীর্ঘমেয়াদি অর্থায়নের প্রাতিষ্ঠানিক উৎস কোনটি?
ⓚ ইজারা অর্থায়ন
ⓚ শ্রমিকদের ক্ষতিপূরণ তহবিল
ⓖ সংরক্ষিত আয় ⓘ ঋণপত্র

উদ্দীপকটি পড়ো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।

| বছর | আয়ের হার | |
|---|---|---|
| | স্টক ক | স্টক খ |
| ২০১২ | ৩০% | ২৫% |
| ২০১৩ | ২০% | ৩৫% |
| ২০১৪ | ১৫% | ৪৫% |
| গড় আয়ের হার | | ৩৫% |
| পরিমিত ব্যবধান | ৭.৬৫ | ১০ |

৩৬. স্টক ক এর গড় আয়ের হার কত?
ⓚ ১৫% ⓚ ২২%
ⓖ ২৪% ⓘ ৩৫%

৩৭. স্টক ক ও স্টক খ এর ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য?
ⓚ স্টক ক এর প্রতি একক গড় আয়ের ঝুঁকি হচ্ছে .২৮
ⓚ স্টক খ এর প্রতি একক গড় আয়ের ঝুঁকি হচ্ছে .৩৫
ⓖ স্টক ক এর গড় আয় অধিক ঝুঁকিপূর্ণ
ⓘ স্টক খ এর গড় আয় অধিক ঝুঁকিপূর্ণ

৩৮. $R_M$ = ১৪%, $R_f$ = ৬%, এবং সোহাগ কোম্পানির বিটা সহগের মান ২ হলে প্রত্যাশিত প্রতিদানের হার কত?
ⓚ ৮% ⓚ ১৬%
ⓖ ২০% ⓘ ২২%

৩৯. প্রতিষ্ঠানের অদক্ষতার কারণে কী সৃষ্টি হয়?
ⓚ অদক্ষতা ঝুঁকি ⓚ বাজার ঝুঁকি
ⓖ একক ঝুঁকি ⓘ মিশ্র ঝুঁকি

৪০. মূলধন সম্পত্তি মূল্যায়ন মডেলে $R_M$ দ্বারা কী প্রকাশ করা হয়?
ⓚ ঝুঁকিমুক্ত প্রতিদান ⓚ বাজারের ঝুঁকি
ⓖ বাজারের গড় প্রতিদান ⓘ বাজার সূচক

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ |
| ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | গ | ৪০ | গ |

http://teachingbd.com